দৈনিক বাংলা

তারিখ ... 10. 5. 84 ...
পৃষ্ঠা ... ... 4 কলাম ... 6 ...

# পরলোকে রিডার্স ডাইজেস্ট প্রতিষ্ঠাতা

নিউইয়র্ক। ৯ই মে (রয়টার)।— রিডার্স ডাইজেস্ট-এর অন্যতম প্রতিষ্ঠাতা লিলা এসেসন ওয়ালেস গতকাল এখানে পরলোকগমন করেন। তার বয়স হয়েছিল ৯৪ বছর। বিভিন্ন সেবামূলক কাজে তিনি কোটি কোটি ডলার দান করেছেন। গত কয়েক বছর ধরেই তার শরীর ভাল যাচ্ছিল না।

পরলোকগত স্বামী ওয়ালেসের সঙ্গে মিলে ১৯২১ সালে তিনি রিডার্স ডাইজেস্ট বের করেন। প্রথম সংখ্যা ছাপা হয়েছিল পাঁচ হাজার কপি। আজ ডাইজেস্টের ৪১টি সংস্করণ ১৭টি ভাষায় নিয়মিত প্রকাশিত হয়। এবং এর মোট প্রচার সংখ্যা তিন কোটি

মিসেস ওয়ালেস বিভিন্ন সময়ে ছয় কোটি ডলারেরও বেশি দান করেছেন।